

## সমস্যা জর্জরিত চাটখিলের ড. খলিলুর রহমান হাই স্কুল

■ চাটখিল ও সোনাইমুড়ি (নোয়াখালী) সংবাদদাতা

নোয়াখালী জেলার চাটখিলে ড. খলিলুর রহমান নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়টি ভবনের অভাবসহ বিভিন্ন সমস্যায় জর্জরিত। এতে করে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হচ্ছে। এটি চাটখিলের শোলা গ্রামে অবস্থিত। জানা গেছে, স্বাধীনতা-পরবর্তী সময়ে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং শিক্ষা অধিদপ্তরের ডিজি ছিলেন ড. খলিলুর রহমান। তিনি পাকিস্তানী শাসন আমলে আমেরিকা থেকে পিএইচডি ডিগ্রী লাভ করে।

তার বড় ছেলে মিয়া মোহাম্মদ মাহমুদুর রহমান মোরশেদ তার পিতার স্মৃতি রক্ষার্থে তার গ্রামের বাড়ি শোলায় এই বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। এর

জীবনের ঝুঁকি নিয়ে জরাজীর্ণ ভবনে চলছে পাঠদান। গত কয়েক বছর ধরে একটি নতুন ভবন নির্মাণের জন্য স্থানীয় প্রশাসনসহ বিভিন্ন মহলে ধরনা দিয়েও কোন কাজ হয়নি

পাশেই তার মায়ের নামে আফিয়া রহমান কিডার গার্টেন স্থাপন করেন। বর্তমানে এখানে একটি ভোকেশনাল স্কুল এন্ড কলেজ রয়েছে। এই প্রতিষ্ঠানগুলোতে প্রায় ৬ শ' শিক্ষার্থী রয়েছে। তাছাড়া এই বিদ্যালয়টিতে ২৫ জন শিক্ষকসহ ৩১ জন কর্মরত

রয়েছেন। প্রতিবছর এসএসসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক। বিদ্যালয়টি পুরাতন জরাজীর্ণ ভবন এবং বেড়াবিহীন টিনের ঘরে পাঠদান এবং অফিসিয়াল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

জরাজীর্ণ ভবনে জীবনের ঝুঁকি নিয়ে পাঠদান করানো হচ্ছে। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মিয়া মোহাম্মদ মাহমুদুর রহমান মোরশেদ জানান- তিনি তার সর্বস্ব ব্যয় করেছেন এই বিদ্যালয়ের জন্য। এখানে একটি নতুন ভবনের জন্য তিনি স্থানীয় প্রশাসনসহ সরকারের বিভিন্ন মহলের কাছে গত কয়েক বছর থেকে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। উপজেলা শিক্ষা কর্মকর্তা মোতাক্কির রহমানের সাথে যোগাযোগ করলে তিনি বিদ্যালয়টির ভবনসহ বিভিন্ন সমস্যার কথা স্বীকার করেন।



চাটখিল (নোয়াখালী) : শোলা গ্রামে ড. খলিলুর রহমান মাধ্যমিক বিদ্যালয়